ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩০৯৭</u>

উদয়পুর, ৩ অক্টোবর, ২০২৫

**উদয়পুরে শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপন**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং উদয়পুর পুর পরিষদের সহযোগিতায় গোমতী জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের কনফারেন্স হলে গত ১ অক্টোবর কুমার শচীন দেববর্মণের জন্মজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার বলেন, শচীন দেববর্মণ ভারতীয় সঙ্গীত জগতে এক অনন্য নক্ষত্র, যিনি বাংলা লোকসঙ্গীত ও ভাটিয়ালির সুরকে হিন্দি চলচ্চিত্র সঙ্গীতে নতুন মাত্রা দিয়েছিলেন। তাঁর সুর আজও কোটি শ্রোতার হৃদয় ছুঁয়ে যায়। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীরা শচীন দেববর্মণের গান পরিবেশন করেন।

********